127

তারিখ 01 AUG 1997
পৃষ্ঠা 1 কলাম 2

দৈনিক ইনকিলাব

# এবার সূর্যসেন হল গেটে পাশাপাশি স্থান পেল জিয়া ও মুজিবের ছবি

গিয়াসউদ্দিন রিমন ।। এবার শেখ মুজিবুর রহমানের ছবির পাশে উঠছে জিয়াউর রহমানের ছবি। এ দুই নেতার ছবি পাশাপাশি স্থান পাবে খোদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি হলে। তবে মাত্র ১০ দিনের জন্য। তারপর আবার মুছে যাবে দুটি ছবিই একসাথে। এ ঘটনা ঘটছে সূর্যসেন হলে। ছাত্রলীগ কর্তৃক এক সপ্তাহ আগে সূর্যসেন হল দখলের পর হল গেটের দেয়ালে আঁকা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের বড় আকারের ছবি মুছে দেয়া হয়। গত একযুগ ধরে ছবিটি সেখানে শোভা পাচ্ছিল। ছবিটি মুছে দেয়ার পর সেই দেয়ালে আঁকা হয় মরহুম প্রেসিডেন্ট শেখ মুজিবুর রহমানের একটি বড় আকারের ছবি। সূর্যসেন হল নিয়ে গত মঙ্গলবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মধ্যস্থতায় ছাত্রদল-ছাত্রলীগ সমঝোতা বৈঠকে সিদ্ধান্ত হয় যে, ঐ দেয়ালে জিয়াউর রহমানের ছবিও এঁকে দেয়া হবে। সেই অনুযায়ী কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় গত বুধবার রাতে শেখ মুজিবের পাশে জিয়ার ছবি আঁকার কাজ শুরু হয়। ভোর ৫টা পর্যন্ত বড় আকারের এ ছবিটির অর্ধেক কাজ শেষ হয়। [illegible] হবার কথা।

[illegible] পৃঃ ২-এর কঃ দেখুন

## জিয়া-মুজিবের ছবি

প্রথম পৃষ্ঠার পর

এদিকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১০ আগস্টের পর থেকে কেবল জিয়া হলে জিয়ার এবং মুজিব হলে মুজিবের ছবি ছাড়া অন্য কোন হলে এ দুই নেতার কোন ছবি থাকবে না। সে অনুযায়ী কর্তৃপক্ষ সূর্যসেন হল গেটের জিয়া-মুজিবের দুটি ছবি একসাথে মুছে দেয়া হবে।